

রমজানের অনুষ্ঠান বন্ধ নিয়ে ব্যাখ্যা দিল ঢাবি প্রশাসন

ঢাবি প্রতিবেদক

২১ মার্চ ২০২৪, ০৬:৫৯ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল। ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) রমজানকের অনুষ্ঠান বা ইফতার আয়োজনে কোনো নিষেধাজ্ঞা দেওয়া হয়নি বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ দাবি করা হয়।

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ে রমজানকের অনুষ্ঠান আয়োজনে নিষেধাজ্ঞা নিয়ে কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। ওই সংবাদের বিষয়ে নিজেদের অবস্থান স্পষ্ট করেছে বিশ্ববিদ্যালয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কখনো রমজানকে শান্তিপূর্ণ ও ইতিবাচক অনুষ্ঠান আয়োজনে কোনো নিষেধাজ্ঞা দেয়নি।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রমজানকের অনুষ্ঠান আয়োজনে নিষেধাজ্ঞা নিয়ে পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রতিবেদনগুলোতে বলা হয়েছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে রমজানকের আলোচনা সম্পর্কিত অনুষ্ঠান আয়োজনে কর্তৃপক্ষ নিষেধাজ্ঞা দিয়েছে। এটি সম্পূর্ণরূপে একটি অসত্য, বিভাসিকর ও উদ্দেশ্যপ্রণোদিত প্রতিবেদন। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও শান্তি-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে প্রক্টর অফিস থেকে সম্প্রতি একটি বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। এই বিজ্ঞপ্তিতে রমজানকের অনুষ্ঠান আয়োজনে নিষেধাজ্ঞা শব্দটি কোথাও উল্লেখ নেই।

এতে আরও বলা হয়, প্রকৃতপক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কখনো [রমজান](#)ে শান্তিপূর্ণ ও ইতিবাচক অনুষ্ঠান আয়োজনে কোনো নিষেধাজ্ঞা দেয়নি। বলাবাহ্ল্য প্রতিদিনই ক্যাম্পাসের বিভিন্ন স্থানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা [ইফতার](#) মাহফিলের আয়োজন করে আসছে। কতিপয় রাজনৈতিক সংগঠনের অনুসারীরা [পরিত্র](#) রমজান মাসকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু-একটি অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটিয়েছে। যার ফলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত রীতিনীতি লঙ্ঘিত ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাংস্কৃতিক ও সহশিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বিধিবদ্ধ রীতিনীতি ও নির্ধারিত স্থান রয়েছে। যা আমাদের সবারই মেনে চলা উচিত। [পরিত্র](#) রমজানকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়কে নিয়ে এমন অসত্য ও উদ্দেশ্যপ্রাণীদিত প্রতিবেদন প্রকাশের মাধ্যমে জনমনে বিভাস্তি সৃষ্টি করা হয়েছে, যা কোনোক্রমেই কাম্য নয়।